তারিখ 22 AUG 2016
পৃষ্ঠা … কলাম …

দৈনিক
ইত্তেফাক

# এইচএসসিতে জেলায় শীর্ষে যেসব প্রতিষ্ঠান

এবারের উচ্চ মাধ্যমিক ও সমমানের পরীক্ষায় বিভিন্ন জেলা পর্যায়ে যেসব কলেজ ফলাফলে শীর্ষে রয়েছে তাদের সংবাদ পাঠিয়েছেন ইত্তেফাক প্রতিনিধিরা।

**সুনামগঞ্জ সরকারি কলেজ:** সুনামগঞ্জ জেলায় জিপিএ-৫ প্রাপ্তির দিক থেকে শীর্ষস্থান লাভ করেছে ঐতিহ্যবাহী সুনামগঞ্জ সরকারি কলেজ। জেলায় ৪০ জন জিপিএ-৫ প্রাপ্তদের মধ্যে ১৬ জন এ কলেজের শিক্ষার্থী। পাসের হার ৭২.১৫%। কলেজটি থেকে এবার ১০৬৭ শিক্ষার্থী পরীক্ষায় অংশ নিয়েছিল। এর মধ্যে পাস করেছে ৮৯০ জন। অপরদিকে, জেলায় পাসের দিক দিয়ে শীর্ষে রয়েছে নর্থ ইস্ট কলেজ। এ কলেজের পাসের হার ৮৭.৫০%।

**গোপালগঞ্জে হাজি লাল মিয়া সিটি কলেজ:** এবারে এইচএসসি পরীক্ষার ফলাফলে গোপালগঞ্জের সেরা কলেজ হাজি লাল মিয়া সিটি বিশ্ববিদ্যালয় কলেজ। পাসের হার ৯৪%। এবার কলেজ থেকে ৭৪৯ শিক্ষার্থী এইচএসসি পরীক্ষায় অংশ নিয়ে পাস করেছে ৭০১। এর মধ্যে জিপিএ-৫ পেয়েছে ২৮ জন। কলেজ অধ্যক্ষ পলাশ কুমার বিশ্বাস বলেন, ছাত্র-অভিভাবকদের সহযোগিতা ও ঐকান্তিক চেষ্টার কারণে এ সাফল্য অর্জিত হয়েছে। এছাড়া কলেজে নিয়মিত টিউটোরিয়াল পরীক্ষা গ্রহণ, শতভাগ ক্লাস ও শিক্ষার্থীদের উপস্থিতি নিশ্চিত করা হয়।

**মেহেরপুরে সরকারি মহিলা কলেজ শীর্ষে:** মেহেরপুরে জিপিএ-৫ প্রাপ্তির দিক থেকে শীর্ষে রয়েছে মেহেরপুর সরকারি মহিলা কলেজ ও পাসের দিক দিয়ে শীর্ষে রয়েছে এআরবি কলেজ। মেহেরপুর সরকারি মহিলা কলেজের পাসের হার ৮৪.৭৫%। জি.পি.এ-৫ পেয়েছে ১৩ ছাত্রী। বিজ্ঞান বিভাগ থেকে ৭, মানবিক বিভাগ থেকে ৪ ও বাণিজ্য বিভাগ থেকে ২ ছাত্রী জিপিএ-৫ পেয়েছে।

**বান্দরবান ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ:** তিন পার্বত্য জেলায় এইচএসসি পরীক্ষা ফলাফলে বান্দরবান ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ এবারো প্রথম স্থান অধিকার করেছে। পাসের হার ৯৮.১৫%। এই প্রতিষ্ঠান থেকে এবার জিপিএ-৫ পেয়েছে ২৮ পরীক্ষার্থী। তিন পার্বত্য জেলায় সর্বাধিক জিপিএ-৫ অর্জনের দিক বিবেচনায় প্রথম স্থান অধিকার করেছে বান্দরবান ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ। এ বছর বিজ্ঞান, মানবিক ও ব্যবসা শিক্ষা বিভাগ থেকে পরীক্ষায় অংশগ্রহণ করেছে ২১৬ শিক্ষার্থী। তাদের মধ্যে জিপিএ-৫ পেয়েছে ২৮ শিক্ষার্থী।

প্রতিষ্ঠানটির অধ্যক্ষ মেজর দিলীপ কুমার রায় বলেন, জেলায় এবার পাসের হার ৬১ শতাংশ। পুরো জেলায় জিপিএ-৫ পেয়েছে ৩০ জন শিক্ষার্থী। তারমধ্যে ২৮ শিক্ষার্থী আমাদের প্রতিষ্ঠান থেকে।